যুগান্তর

তারিখ 19 JAN 2015
পৃষ্ঠা 2 কলাম ৫

জাতীয় বিশ্ববিদ্যালয়

# প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফল রোববার প্রকাশ করা হয়েছে। প্রথম মেধা তালিকায় ১ লাখ ৯৯ হাজার ১৭০ জনকে আসন বরাদ্দ দেয়া হয়েছে। আসন শূন্য থাকা সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, এরপর রিলিজ স্লিপ-প্রকাশ করা হবে। বিভিন্ন বিষয়ে মোট ২ লাখ ৬৯ হাজার ৩৭৫ শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu. bd/admissions)-এ বিস্তারিত ফলাফল পাওয়া যাবে। শিক্ষার্থীরা যে কোনো মোবাইলের মাধ্যমে NU<space> AT<space> Roll No টাইপ করে ১৬২২২ নম্বরে send করে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকেও ফল জানতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর সূত্রে এ তথ্য জানা গেছে।